# ময়মনসিংহ সিটি কর্পোরেশন

(প্রশাসন বিভাগ)

ময়মনসিংহ

**স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন-১ শাখার ২৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখের প্রজ্ঞাপনমূলে গঠিত কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব উম্মে সালমা তানজিয়া, প্রশাসক, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ |
| সভার স্থান | ঃ | শহীদ শাহাবুদ্দিন মিলনায়তন, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ |
| তারিখ | ঃ | ১৬ অক্টোবর ২০২৪ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা |
| সভায় উপস্থিতির তালিকা | ঃ | পরিশিষ্ট -'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি জানান যে, গত ২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কাউন্সিলরের দায়িত্ব পালন এবং প্রশাসকের কার্য সম্পাদনের সুবিধার্থে একটি কমিটি গঠনের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ হতে প্রজ্ঞাপন জারী করা হয়। তৎপ্রেক্ষিতে গত ০২ অক্টোবর ২০২৪ খ্রিঃ ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রশাসককে সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তাকে সদস্য সচিব করে ১৭ সদস্যের কমিটি করা হয়। উক্ত কমিটির প্রথম সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কমিটির সদস্যবৃন্দের কার্যক্রম ও দায়িত্ব পালন সংক্রান্ত আলোচনা। | সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা ময়মনসিংহ সিটি কর্পোরেশন বলেন যে, ময়মনসিংহ সিটি কর্পোরেশন ৩৩ টি ওয়ার্ড নিয়ে গঠিত। উক্ত সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কাউন্সিলরের দায়িত্ব পালন এবং প্রশাসকের কার্য সম্পাদনের সুবিধার্থে গঠিত কমিটির সদস্যগণকে নাগরিক সেবা প্রদানের জন্য একাধিক ওয়ার্ডে দায়িত্ব পালন করতে হবে।<br><br>অত:পর সভাপতির অনুমতিক্রমে জনসংযোগ কর্মকর্তা সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগের কার্যক্রম এবং ওয়ার্ড ভিত্তিক এলাকা এবং নাগরিক সেবা প্রদান সম্পর্কিত বিষয়াবলীর একটি সংক্ষিপ্ত উপস্থাপনা সভায় উপস্থাপন করেন। | ১) সিটি কর্পোরেশন এর ওয়ার্ডসমূহের অবস্থান, আয়তন ও জনসংখ্যার ভিত্তিতে কমিটির সদস্যগণের মাঝে সভাপতির নির্দেশনাক্রমে ওয়ার্ড কাউন্সিলরের দায়িত্ব প্রদান করা হবে। | প্রনিক/সচিব মসিক |
| | | সভাপতি কমিটির সদস্যগণকে নাগরিকগণের নিকট বিভিন্ন ধরনের সেবা প্রদানে বিভিন্ন নির্দেশনা প্রদান করেন। কমিটির সদস্যদের বিভিন্ন ওয়ার্ডে কাজ করতে সমস্যার সম্মুখীন হলে আঞ্চলিক কার্যালয়ের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ জানান। প্রয়োজনে সচিব ও প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে যোগাযোগ করার কথা বলেন। সভাপতি মহোদয় ৩টি জোনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে সার্বিক সহায়তার প্রদান করার জন্য অনুরোধ জানান। তিনি ওয়ার্ড অফিসে প্রয়োজনীয় জনবল, আসবাবপত্র সরবরাহ, যে সব ওয়ার্ডে সিটি কর্পোরেশনের নিজস্ব কোন অফিস নাই সেই সব ওয়ার্ডে অফিস ভাড়া করণসহ আনুসঙ্গিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সচিব, মসিককে নির্দেশনা প্রদান করেন। | ২) মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলি কমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল) ঢাকা অফিসে কর্মরত থাকেন বিধায় উক্ত বিষয়ে মতামত গ্রহণের জন্য স্থানীয় সরকার মন্ত্রনালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রনিক/সচিব মসিক |
| | | প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কাউন্সিলরের দায়িত্ব পালনের জন্য গঠিত কমিটিতে উল্লিখিত কর্মকর্তাদের কাছে প্রতিনিধি চেয়ে পত্র প্রেরণ করা হলে তারা তাদের প্রতিনিধি ও সদস্যদের তথ্যাদি প্রেরণ করেন। তিনি আরও বলেন, সিটি কর্পোরেশনের ওয়ার্ডসমূহের অবস্থান ও জনসংখ্যার ভিত্তিতে কমিটির সদস্যদের ওয়ার্ডভিত্তিক কাউন্সিলরের দায়িত্ব প্রদান করা যেতে পারে মর্মে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা জানান যে, মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলি-কমিউনিকেশন্স কোম্পানী লিমটেড (বিটিসিএল) ঢাকায় অফিসে কর্মরত থাকেন বিধায় বিকল্প প্রতিনিধি মনোনয়নের বিষয়ে স্থানীয় সরকার মন্ত্রনালয়ে পত্র প্রেরণ করা যেতে পারে। | ৩) কমিটির সদস্যবৃন্দ গত ২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ হতে প্রজ্ঞাপনে উল্লিখিত কর্মপরিধি অনুসরণ এবং দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | কমিটির সদস্যগণ মসিক |
| | | সভাপতি বলেন, কমিটির সদস্যদের অফিসের অবস্থান ও সিটি কর্পোরেশনের ওয়ার্ডসমূহের অবস্থান, আয়তন এবং জনসংখ্যার ভিত্তিতে ওয়ার্ডভিত্তিক কাউন্সিলরের দায়িত্ব প্রদান করা হবে। | ৪) নাগরিক সেবা প্রদানের লক্ষ্যে ৩৩টি ওয়ার্ড অফিস ব্যবহারের উপযোগী করার জন্য ওয়ার্ড অফিসসমূহে প্রয়োজনীয় আসবাবপত্র কাউন্সিলরদের নামের প্যাড, নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র বহিসহ আনুষঙ্গিক মালামাল সরবরাহ করতে হবে। | প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা মসিক |

CamScanner

<table>
<tr>
<td>২।</td>
<td>চলমান উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও পর্যালোচনা।</td>
<td>
সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান প্রকৌশলী, মসিক সভাকে জানান যে, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সড়ক উন্নয়ন ও ড্রেনেজ নেটওয়ার্কসহ নাগরিক সেবা উন্নতকরণ, প্রকল্পতির মেয়াদকাল জানুয়ারী ২০২১ হতে ডিসেম্বর ২০২৪। প্রাক্কলিত ব্যয় ঃ ১৫৭৫.০৬২৯ কোটি টাকা। এ প্রকল্পের আওতায় পূর্ত কাজের ৮০টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। ০২টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে। দ্রুত কাজ বাস্তবায়ন ও কাংখিত অগ্রগতি অর্জনের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/ প্রতিনিধিগণের সহিত সভা করা হয়েছে। ফলে যে সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান কাংখিত বাস্তবায়ন অগ্রগতি অর্জন করতে ব্যর্থ হয়েছে এবং যে সকল প্যাকেজের কাজ বন্ধ রয়েছে সে সকল প্যাকেজের ঠিকাদারী প্রতিষ্ঠানগুলিকে দ্রুত কাজ শুরু এবং বাস্তবায়ন অগ্রগিতি ত্বরান্বিত করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান বিভিন্ন রকমের বাধার সম্মুখীন হচ্ছেন। তিনি আরও জানান যে, নগরবাসীর চাহিদা অনুযায়ী দ্রুত কাজ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলীগণ কর্তৃক তাৎক্ষণিকভাবে সরেজমিনে পরিদর্শনপূর্বক বিভিন্ন স্কীমের প্রাক্কলন প্রস্তুত করা হয় যা উপস্থাপন করেন। এছাড়াও সিটি কর্পোরেশন এলকায় বর্ষা মৌসুমে ক্ষতিগ্রস্ত রাস্তা/ড্রেন/পাইপ ড্রেন/ফুটপাত/ অন্যান্য উন্নয়নমূলক কাজ দ্রুত মেরামত/উন্নয়নের মাধ্যমে চলাচল উপযোগী করতে হবে। তিনি বলেন, দুর্গাপূজা উপলক্ষ্যে সড়ক বাতি স্থাপন, বর্জ্য অপসারণ, পরিস্কার পরিচ্ছন্ন, মশক নিধন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি আরও বলেন, বিসর্জন ঘাট প্রতিমা বিসর্জনের উপযোগী করা ও বিভিন্ন মন্দিরের সংযোগ সড়ক মেরামত করে উপযোগী করার জন্য জরুরী ভিত্তিতে কিছু কিছু স্কীম বাস্তবায়ন করা হয়েছে এবং বাস্তবায়নাধীন রয়েছে। সে সমস্ত স্কীমসমূহ প্রাক্কলিত ব্যয়সহ সিটি কর্পোরেশনের ভূতাপেক্ষ অনুমোদন প্রয়োজন।
<br><br>
২০২৪-২৫ অর্থবছরের উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় ০৫টি প্যাকেজের e-GP (OTM) পদ্ধতির মাধ্যমে দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া লোকাল গভর্মেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারী প্রজেক্ট (এলজিসিআরআরপি) প্রকল্পের আওতায় ০২টি স্কীম অনুমোদনের লক্ষ্যে ৩,৭৭,৬১,০৮৭.৭১ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। অনুমোদিত হলে বর্ণিত প্রকল্পের প্রকল্প পরিচালক বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করা হবে।
<br><br>
জরুরী ভিত্তিতে বাস্তবায়িত/বাস্তবায়নাধীন স্কীমসমূহ ঃ
<table>
<tr><th>ক্র নং</th><th>বাস্তবায়িত / বাস্তবায়নাধীন স্কীমের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td>০১</td><td>১৯ নং ওয়ার্ডের পাটগুদাম বাস টার্মিনালের অভ্যন্তরে রাস্তা মেরামত কাজ।</td><td>৪,৪৯,০৮৫.০০</td></tr>
<tr><td>০২</td><td>২৭ নং ওয়ার্ডের মাহতাব সাহেব ইটাখলা সড়ক হতে সাংবাদিক আল-আমীন সাহেবের বাসা পর্যন্ত সলিং সড়ক নির্মাণ কাজ।</td><td>৪,৯৯,৯৯০.০০</td></tr>
<tr><td>০৩</td><td>সিটি কর্পোরেশন এলাকায় ৩১নং ওয়ার্ডের সানির মোড় হতে চড় দুর্গাপুর প্রাইমারী স্কুল পর্যন্ত এইচবিবি রোড নির্মাণ কাজ।</td><td>৩,৬৮,৩৪৬.০০</td></tr>
<tr><td>০৪</td><td>১৬নং ওয়ার্ডের মহিলা ডিগ্রী কলেজের সামনে শহীদ সাগর চত্বর নির্মাণ কাজ।</td><td>৩,৯৫,২৮৪.০০</td></tr>
<tr><td>০৫</td><td>ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় মেহগনি রোডে ফুটপাত মেরামত, মুহাম্মদ আলী রোডে আরসিসি স্ল্যাব ও পানির ট্যাংকির সামনে এমএস গেট নির্মাণ।</td><td>২,৬৭,০১৪.০০</td></tr>
<tr><td>০৬</td><td>ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় ০৩ নং ওয়ার্ডের সাহেব কোয়াটার কাচিঝুলি মোড়ের নিকট ইটের ড্রেন নির্মাণ কাজ।</td><td>৪,৭৯,১৬৫.০০</td></tr>
</table>
</td>
<td>
৫) বর্ণিত প্রকল্পের আওতায় যে সকল প্যাকেজের বাস্তবায়ন কাজ বন্ধ রয়েছে এবং যে সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের কাজের অগ্রগতি কম সে সকল প্রতিষ্ঠানসমূহকে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে সময় নির্ধারণপূর্বক পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
<br><br>
৬) বর্ষা মৌসুমে যে সকল রাস্তা/ড্রেন/ পাইপ ড্রেন/ ফুটপাত ক্ষতিগ্রস্থ হয়েছে সে সকল স্থান জরুরী ভিত্তিতে মেরামত করে নগরবাসীর চলাচলের উপযোগী করা হয়েছে। সে সকল স্কীম উন্নয়ন সহায়তা তহবিল হতে ব্যয় মিটানোসহ ভূতাপেক্ষ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।
</td>
<td>
প্রধান প্রকৌশলী মসিক
<br><br>
প্রধান প্রকৌশলী মসিক
</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় ব্যাটবল চত্বরের নিকট ফুটপাত মেরামত, ময়মনসিংহ ক্লাবের বাউন্ডারি ওয়াল নির্মাণ, বাসাবাড়ি মার্কেটের সামনে আরসিসি রাস্তা, বুড়াপীরের মাজারের সামনে ডাম্পিং জিওটেক্সটাইল ব্যাগ, কলেজ রোড, জিমনেসিয়াম ও আনসার অফিসের সামনে পটহোল মেরামত কাজ। | ৩৭,৩৬,৬৬৭.০০ | ৭) ২০২৪-২৫ অর্থ বছরের উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় ০৫টি প্যাকেজের দরপত্র দ্রুত মূল্যায়ন শেষে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী মসিক |
| ০৮ | ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় ০৩নং ওয়ার্ডের সাহেব কোয়াটার কাচিঝুলি মোড়ে স্ল্যাব এবং বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষ্যে শহীদ শাহাবুদ্দিন মিলনায়তনে ওয়াটার পিউরিফায়ার স্থাপন কাজ। | ২,৭৬,৮৪৯.০০ | ৮) লোকাল গভর্মেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারী প্রজেক্ট (এলজিসিআরআরপি) প্রকল্পের আওতায় ০২টি স্কীমের প্রাক্কলিত ব্যয় ও প্রাক্কলন অনুমোদনের জন্য বর্ণিত প্রকল্পের প্রকল্প পরিচালক বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী মসিক |
| ০৯ | ০২ নং ওয়ার্ডের গলগন্ডা মুন্সীবাড়ী মসজিদের পুকুর পাড়ে আরসিসি প্রি-কাস্টপোষ্টসহ ইটের গাথুনির ওয়াল নির্মাণ। | ৪,৯৮,৪৯৪.৫০ | | |
| ১০ | ১৯নং ওয়ার্ডের হাক্কানি মসজিদ রোডে আরসিসি ম্যানহোল কভার নির্মাণ। | ৪,৯৩,৭৩৯.২৫ | ৯) চলমান সকল প্রকল্প গুণগত মান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী মসিক |
| ১১ | বড় বাজারের পশ্চিম প্রান্তে দুর্গাবাড়ী সড়ক সংলগ্ন আরসিসি ক্রস ড্রেন, বিসি সড়ক মেরামত ও বিসর্জন ঘাট উন্নয়ন। | ৪,৯৩,২১৯.৬৯ | | |
| ১২ | বড় বাজারের পশ্চিম পার্শ্বে ম্যানহোল চেম্বার পুন:নির্মাণ। | ৪,৫৮,২৩৭.৩৫ | ১০) ময়মনসিংহ বাইপাস চত্বর উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মসিক |
| ১৩ | এম এ মতিন লাইব্রেরীতে এসি সরবরাহ ও স্থাপন কাজ। | ৪,৫১,৬৯৪.০০ | | |
| ১৪ | এম এ মতিন লাইব্রেরীতে চেয়ার টেবিল সরবরাহ কাজ। | ৪,৯০,৬২০.০০ | | |
| ১৫ | এম এ মতিন লাইব্রেরীতে ওয়াল কেবিনেট, সোফা ও চেয়ার সরবরাহ কাজ। | ৪,৯৮,৪৫২.০০ | | |

২০২৪-২৫ অর্থ বৎসরের উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় গৃহীত প্রকল্পসমূহ:

| নং | প্যাকেজ এর নাম | প্রকল্পের বিবরণ | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ০১ | MCC/ DA/ 2024-25/W-04 | ক) নাসিরাবাদ কলেজ রোড ভাঙ্গাপুল থেকে পাম্প হাউজ পর্যন্ত আর সিসি সড়ক ও ব্রিক ড্রেন নির্মাণ।(সড়কের দৈর্ঘ ১১০.০০ মি. ড্রেনের দৈর্ঘ্য ৭০.০০ মি.) ।<br>খ) নাসিরাবাদ কলেজ রোড থেকে মি. সামাদ মাহাজনের বাড়ির রাস্তা পর্যন্ত আরসিসি সড়ক এবং ব্রিক ড্রেন নির্মাণ (সড়কের দৈর্ঘ্য ৪০.০০মি. ড্রেনের দৈর্ঘ্য ৪০.০০ মিটার। | ২৭,২৩,৯১৯.৮৭ |
| ০২ | MCC/ DA/ 2024-25/W-02 | ১৯ নং ওয়ার্ডের বলাশপুর মুক্তিযোদ্ধা আবাসনে আরসিসি সড়ক ও ব্রিক ড্রেন নির্মাণ। | ৯৫,৫১,৪৪৩.৪৫ |
| ০৩ | MCC/ DA/ 2024-25/W-05 | ৩১ নং ওয়ার্ডের সিটি বাজার রোড(সৌদী বাড়ি) থেকে সিটি বাজার কালভার্ট পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন (৯০০মিমি ব্যাস) নির্মাণ। | ৪৯,৪৯,৩১৫.১১ |
| ০৪ | MCC/ DA/ 2024-25/W-01 | নগর ভবনের উত্তর পশ্চিম অংশের সংস্কার ও সম্প্রসারণ কাজ। | ৩৩,০৬,৬৫৭.৩৬ |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | MCC/DA/2024-25/W-03 | ক) ০৮ ওয়ার্ডের থানা ঘাটের সম্মুখে ম্যানহোল চেম্বার পুনঃনির্মাণ এবং ফুটপাত মেরামত করণ কাজ।<br>খ) ০৭নং ওয়ার্ডে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সম্মুখে আরসিসি ড্রেন নির্মাণ<br>গ) ০৮নং ওয়ার্ডের দুর্গাবাড়ী মন্দিরে টয়লেট নির্মাণ<br>ঘ) সড়ক ও জনপদ সড়কের পার্শ্বে তিতাস গ্যাস অফিস সংলগ্ন কার্পেটিং অংশ মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ৪১,৫৬,৫২০.৫৪ |
| ০৬ | | আকুয়া ফুলবাড়িয়া সড়ক ও জনপথের রাস্তা হতে তিনখালের সংযোগস্থল হয়ে ব্রুমডো পলিটেকনিক পর্যন্ত খালখনন, পাড় সংরক্ষন ও সৌন্দর্যবর্ধন কাজ। | ৩,১৫,৫০,৫০০.০০ |

লোকাল গভমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারী প্রজেক্ট (এলজিসিআরআরপি) প্রস্তাবিত স্কীমের তালিকা ঃ

| | | |
|---|---|---|
| ০১ | ০১নং ওয়ার্ডের বিজিবি কম্পাউন্ডে রেজিমেন্ট কোয়াটার সম্মুখ হতে খাদ্য গুদাম সংলগ্ন আউটফল পর্যন্ত স্ল্যাবসহ আরসিসি ড্রেন নির্মাণ। দৈর্ঘ্য = ৮০৬.০০ মি. | ২,১৪,৬৩,৪২৯.৭৯ |
| ০২ | ০১নং ওয়ার্ডের বিজিবি কম্পাউন্ডে অভ্যন্তরীণ সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন। (সড়কের দৈর্ঘ্য = ৯৩৬.০০ মি.) | ১,৬২,৯৭,৬৫৭.৯২ |
| | মোট | ৩,৭৭,৬১,০৮৭.৭১ |

সভাপতি মহোদয় বলেন যে, ওয়ার্ডের চলমান কাজগুলি দ্রুত বাস্তবায়ন করতে হবে। ইতোমধ্যে বেশ কয়েকটি ওয়ার্ডের উন্নয়ন কাজ সরেজমিন পরিদর্শন করা হয়েছে। কিছু কাজ চলমান আছে, কিছু কাজ শেষ হয়েছে এবং কিছু কাজ এখনো শুরু হয়নি।

তিনি আরও বলেন, যে সকল প্রকল্পের বাস্তবায়ন কাজ বন্ধ রয়েছে ঠিকাদার কাজ করছে না এবং যে সকল ঠিকাদার এর কাজের অগ্রগতি কম সে সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানকে আগামী ৭ (সাত) দিনের সময় নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের অনুকূলে পত্র প্রেরণের নির্দেশ দেন।

সভাপতি মহোদয় বাইপাস চত্বর উন্নয়ন এর প্রকল্প গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী এবং আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে প্রয়োজনীয় ড্রয়িং ডিজাইন প্রস্তুত করার নির্দেশনা দেন।

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | খসড়া বাজেট পর্যালোচনা। | সভাপতির অনুমতিক্রমে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মসিক সভায় ২০২৩-২০২৪ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট খাতওয়ারি সভায় উপস্থাপন করেন এবং মতামত পেশ করেন।<br><br>অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য বিভিন্ন খাতে সর্বমোট ৬০৯,৯৬,৬৩,১২৭/- (ছয়শত নয় কোটি ছিয়ানব্বই লক্ষ তেষট্টি হাজার একশত সাতাইশ) টাকার সংশোধিত বাজেট এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য বিভিন্ন খাতে সর্বমোট ৫৪৩,২৪,৮৮,৭৪১/- (পাঁচশত তেতাল্লিশ কোটি চব্বিশ লক্ষ আটাশি হাজার সাতশত একচল্লিশ) টাকার প্রস্তাবিত বাজেট সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সিটি কর্পোরেশন আইন ২০০৯ এর ৭৬ ধারার বিধান অনুযায়ী অনুমোদিত বাজেটের অনুলিপি স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১১) ২০২৩-২৪ অর্থ বছরের সংশোধিত বাজেট:<br>৬০৯,৯৬,৬৩,১২৭/- (ছয়শত নয় কোটি ছিয়ানব্বই লক্ষ তেষট্টি হাজার একশত সাতাইশ) টাকা অনুমোদন এর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১২) ২০২৪-২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট: .<br>৫৪৩,২৪,৮৮,৭৪১/- (পাঁচশত তেতাল্লিশ কোটি চব্বিশ লক্ষ আটাশি হাজার সাতশত একচল্লিশ) টাকা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রনিক/সচিব ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা মসিক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | বর্তমান ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণ বিষয়ক আলোচনা। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, মসিক, সভায় জানান যে, ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় প্রতিদিন সকাল থেকে দুপুর পর্যন্ত লার্ভিসাইড স্প্রে এবং সান্ধ্যকালীন সময়ে এডাল্টিসাইড প্রয়োগ করা হচ্ছে। ডেঙ্গু প্রতিরোধে এডিস মশার বংশ বিস্তারের স্থান শনাক্তকরণের জন্য সিটি কর্পোরেশন এলাকায় ১২২টি হটস্পট নির্ধারণ করা হয়েছে। উক্ত হটস্পটসমূহে নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠানে চিঠি প্রদানের মাধ্যমে পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম পরিচালনার জন্য অবহিত করা হয়েছে। তিনি জরুরী ভিত্তিতে মশক নিধন ঔষধ ক্রয় এবং সরবরাহের নির্দেশনা প্রদানের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br>সভাপতি বলেন, তিনটি জোনের আঞ্চলিক কর্মকর্তাগণকে এডিস মশা নিধন বিষয়ে ওয়ার্ড ভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ, নির্মাণাধীন ভবন, বাসষ্ট্যান্ড, পরিত্যক্ত ভূমি, বাসাবাড়ীতে ফুলের টব ও ছাদ বাগানে লার্ভা শনাক্তের কাজ ও ভ্রাম্যমান আদালতের মাধ্যমে আইনগত ব্যবস্থা গ্রহণ। | ১৩) মশক নিধন কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১৪) প্রয়োজনীয় মশক নিধন ঔষধ ক্রয় এবং সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১৫) নির্মানাধীন বহুতল ভবনে মশা বাহিত লার্ভা ধ্বংশ এবং রাস্তায় নির্মাণ সামগ্রী যেন না রাখে সে জন্য নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব ও প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা মসিক<br><br>নির্বাহী ম্যাজিষ্ট্রেট মসিক |
| ৫। | বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন ২০২৩-২০২৪ এর অনুমোদন সংক্রান্ত আলোচনা। | সচিব, মসিক, সভায় জনান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রদত্ত বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুতকরণের নির্দেশিকার সঙ্গে সংযুক্ত একটি ফরমেট অনুসরণ করে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৪৩ ধারা অনুযায়ী সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুতের উদ্দেশ্য হচ্ছে সিটি কর্পোরেশনের নিজেদের ব্যবহারের জন্য প্রতিবছরের বাস্তবায়িত কার্যক্রম এবং অর্জনসমূহ নথিভুক্ত করা, নাগরিকদের সাথে তথ্য শেয়ার ও সরকার এবং অন্যান্য ষ্টেকহোল্ডারদের কাছে প্রতিবেদন দাখিল করা।<br>সভাপতি বলেন প্রতিবেদনটি ২০২৩-২০২৪ অর্থ বছরে সিটি কর্পোরেশনের পরিচালিত বিভিন্ন কর্মকান্ড ও অর্জন নগরবাসীর জন্য স্বচ্ছতা ও জবাবদিহিতার প্রতিফলন ঘটাবে। | ১৬) ময়মনসিংহ সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন অর্থ বছর ২০২৩-২০২৪ অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রনিক/সচিব মসিক |
| ৬। | বিবিধ | বিবিধ আলোচনায় প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মসিক সভায় জানান যে, জিওবি অর্থায়নে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সড়ক উন্নয়ন ও ড্রেনেজ নেটওয়ার্কসহ নাগরিক সেবা উন্নতকরণ শীর্ষক প্রকল্পটি (প্রকল্প কোড-২২৪৩৩৩২০০) জানুয়ারী ২০২১ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত সময়ে বাস্তবানাধীন একটি উন্নয়ন প্রকল্প যাহার মোট বরাদ্দের পরিমাণ ১৫৭৫,০৬,২৯,০০০/- (এক হাজার পাঁচশত পঁচাত্তর কোটি ছয় লক্ষ উনত্রিশ হাজার) টাকা। প্রকল্পের বিপরীতে বিভিন্ন সময়ে ছাড়কৃত অর্থসহ জমা করণ এবং ব্যয় পরিশোধের জন্য এনসিসি ব্যাংক পিলসি, ময়মনসিংহ শাখা, বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ, ময়মনসিংহ শাখা, অগ্রণী ব্যাংক পিলসি, কাশিগঞ্জ শাখা, ময়মনসিংহ, ন্যাশনাল ব্যাংক পিলসি,ময়মনসিংহ শাখা এবং এন আর বি সি ব্যাংক ময়মনসিংহ শাখা এই ৫টি ব্যংকে ব্যাংক হিসাব খোলা হয়। তিনি আরও বলেন, বিভিন্ন সময়ে ব্যাংকিং খাত সংশ্লিষ্ট বাংলাদেশ ব্যাংকের প্রকাশিত প্রতিবেদন থেকে দেখা যায় উল্লেখিত ৫টি ব্যাংকের মধ্যে গ্রীন জোনে অবস্থান এনসিসি ব্যাংক পিএলসি, ইয়োলো জোনে আছে এন আর বিসি ব্যংক এবং রেড জোনে রয়েছে বাংলাদেশ কমার্স ব্যাংক লি., ন্যাশনাল ব্যাংক পিএলসি, অগ্রনী ব্যংক পিএলসি।<br>সভাপতি মহোদয় সার্বিক বিবেচনায় বাংলাদেশ কমার্স ব্যাংক লি, ন্যাশনাল ব্যংক পিএলসি, অগ্রনী বাংক পিএলসি এবং এনআরবিসি ব্যাংকে প্রকল্পের জমাকৃত অর্থ গ্রীন জোনের অধিক আর্থিক সক্ষমতা সম্পন্ন ব্যংকে স্থানান্তরের নির্দেশ প্রদান করেন।<br>জনাব আ.ন.ম আব্দুল ওয়াদুদ, বিভাগীয় বন কর্মকর্তা,ময়মনসিংহ জয়নুল উদ্যান পার্কে উচ্চগতিতে মটরসাইকেল চালানোর বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br>জনাব মোঃ আবদুল আওয়াল, তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্ত,ময়মনসিংহ বলেন, শিল্পাচার্য জয়নুল আবেদীন পার্কে স্থায়ী, অস্থায়ী দোকানপাট রয়েছে। পার্কের ভিতরে হকার এবং দোকানপাট থাকার কারণে ঘুরতে আসা জনসাধারনের চলাচলের অসুবিধা সৃষ্টি হচ্ছে। | ১৭) বাংলাদেশ কমার্স ব্যাংক লি, ন্যাশনাল ব্যংক পিএলসি, অগ্রনী বাংক পিএলসি এবং এনআরবিসি ব্যাংকসহ অন্যান্য বেসরকারী ব্যাংকে জমাকৃত অর্থ গ্রীনজোনে অবস্থান করা ব্যাংক হিসেবে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১৮) পার্কের দোকানপাট উচ্ছেদে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রনিক/সচিব, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা মসিক<br><br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১ মসিক |

| | | | |
|---|---|---|---|
| | সভাপতি আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১ কে পার্কে হকার এবং দোকানপাট উচ্ছেদে বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন। | | |
| | প্রকৌশলী এ কে এম জসীম উদ্দিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিচালন ও সংরক্ষণ সার্কেল-১ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ময়মনসিংহ সভায় বলেন নিয়ম না মেনে ভবন নির্মাণ করা হচ্ছে। অনেকেই তার অনুমোদনকৃত নকশা অনুযায়ী ভবন তৈরী করছেন না। অনুমোদনকৃত নকশা অনুযায়ী ভবন নির্মাণ কাজ করা হচ্ছে কি না সিটি কর্পোরেশন থেকে সরেজমিন পরিদর্শন করা। যেসব শর্তে ভবন অনুমোদন করা হয়েছে সেই শর্তগুলি ভবন নির্মাণ স্থানে টানিয়ে রাখা। অনুমোদনকৃত নকশার বর্হিভূত নির্মাণসমূহ চিহ্নিত করে বিধি মোতাবেক ব্যবস্থা নেওয়ার জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও বলেন, প্রায়শঃই দিনের বেলায় রাস্তায় বিদ্যুৎ খুঁটিগুলিতে যাতে লাইট না জ্বলে এ জন্য আররো সতর্ক হওয়া প্রয়োজন। এ বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | ১৯) নির্দিষ্ট সময়ে সড়কবাতির সুইচ প্রদান ও বন্ধ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী বিদ্যুৎ, মসিক |
| | সভাপতি মহোদয় বলেন, ভবন নির্মাণকারীকে আইন মেনে ভবন নির্মাণ করতে হবে। অবৈধ ভাবে এবং আইন অমান্য করে ভবন নির্মাণ করলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। নির্মানাধীন ভবন পরিদর্শন এবং নিয়ম মেনে কাজ করছে কি না দেখতে হবে। আঞ্চলিক কর্মকর্তাগণ নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করে উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশ প্রদান করেন। দিনের বেলায় যেন লাইট জ্বালানো না থাকে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী বিদ্যুৎ, মসিককে নির্দেশনা প্রদান করেন। | ২০) যে সব শর্তে ভবন অনুমোদন করা হয়েছে সেই শর্তগুলি ভবন নির্মাণ স্থানে টানিয়ে রাখা এবং আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রনিক/সচিব মসিক |
| | সভাপতি শহরের সৌন্দর্য বর্ধন রাস্তার পার্শ্বে পরিবেশ বান্ধব গাছ লাগানো এবং কর্মকর্তা কর্মচারীদের জন্য প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরীর জন্য প্রধান সমাজ কল্যাণ কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। | ২১) রাস্তার দুই পার্শ্বে গাছ লাগানো এবং জনবলের প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরীর করতে হবে। | প্রধান সমাজ কল্যাণ কর্মকর্তা মসিক |
| | জনাব শিউলি হরি, মহাব্যবস্থাপক, পরিবহন ও যান্ত্রিক সভায় জানান যে, কর্মকর্তাদের জন্য ব্যবহৃত সিটি কর্পোরেশনের ৬ (ছয়) টি গাড়ী বিগত সময় বৈষম্যবিরোধী আন্দোলনে ০৫ আগস্ট ২০২৪ তারিখ পুড়িয়ে দেয়া হয়েছে বিধায় সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম পরিদর্শন, উন্নয়ন কার্যক্রম পরিদর্শন ও তত্ত্বাবধান, মোবাইল কোর্ট পরিচালনা ইত্যাদি কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে। এমতাবস্থায় কাজের গতিশীলতা বৃদ্ধিতে জরুরী ভিত্তিতে গাড়ী ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন । | ২২) দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নে গাড়ী ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাব্যবস্থাপক, পরিবহন ও যান্ত্রিক, মসিক |
| | সভাপতি সভায় জানান যে, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের পরিস্কার পরিচ্ছন্ন কর্মীসহ বিভিন্ন বিভাগে কর্মরত দৈনিক হাজিরা ভিত্তিক শ্রমিক কর্মচারীদের বেতনবৃদ্ধির আবেদন এর প্রেক্ষিতে বর্তমান বাজার পরিস্থিতি এবং দৈনন্দিন চাহিদা বিবেচনা করে বেতন কাঠামো নির্ধারণ ও সুপারিশ প্রণয়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে আহবায়ক করে ৫(পাঁচ) সদস্যের কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি দৈনিক হাজিরা ভিত্তিক প্রত্যেক শ্রমিক কর্মচারীদের মাসিক ১,০০০/, ১,৫০০/- অথবা ২,০০০/- টাকা বৃদ্ধির জন্য ৩টি প্রস্তাব সুপারিশ করেন। তিনি কমিটির সুপারিশ সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে প্রত্যেক দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের জন্য মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা করে বৃদ্ধির প্রস্তাব গৃহীত হয়। | ২৩) ময়মনসিংহ সিটি কর্পোরেশনে কর্মরত প্রত্যেক দৈনিক হাজিরাভিত্তিক শ্রমিক কর্মচারীদের মাসিক বেতন ২,০০০/- (দুই হাজার) টাকা করে বৃদ্ধি করার সিদ্ধান্ত হয় এবং উক্ত সিদ্ধান্ত সেপ্টেম্বর ২০২৪ মাস হতে কার্যকর হবে। | প্রনিক/সচিব মসিক |
| | প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় বলেন, জলাবদ্ধতা নিরসনের জন্য ড্রেন, পাইপ ড্রেন নির্মাণ করা হচ্ছে। শহরের ভিতর দিয়ে প্রবাহিত আকুয়া খাল, সেহড়া এবং মাকরজানি খালগুলি নিয়মিত পরিস্কার এবং খনন করা প্রয়োজন। খালগুলি দিন দিন ভরাট হয়ে যাচ্ছে এবং ঠিকমত পানি প্রবাহ হচ্ছে না।<br>সভাপতি বলেন, পানি প্রবাহবৃদ্ধির লক্ষ্যে শহরের ভিতর দিয়ে প্রবাহিত আকুয়া খাল, মাকরজানি খাল এবং সেহড়া খালসহ অন্যান্য খালগুলি নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। | ২৪) পানি প্রবাহবৃদ্ধির লক্ষ্যে শহরের ভিতর দিয়ে প্রবাহিত আকুয়া খাল, সেহড়া খাল এবং মাকরজানি খালসহ অন্যান্য খালগুলি পরিস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা মসিক |

CamScanner

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/১১/২৪
(উম্মে সালমা তানজিয়া)
প্রশাসক
ময়মনসিংহ সিটি কর্পোরেশন
ময়মনসিংহ।
ফোনঃ-০২৯৯৬৬৬৭৩৯(অফিস)

স্মারক নংঃ ৪৬.২১.৬১০০.০০৪.০৬.১০৩৪..২৪. ১৬৮৪ তারিখ: ০৪/১১/২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ-

১। কমিটির সদস্য (সকল), ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৩। সচিব, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৪। বিভাগীয় প্রধান (সকল), ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৫। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ময়মনসিংহ সিটি কর্পোরেশন,ময়মনসিংহ।
৬। শাখা প্রধান (সকল), ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
৭। সংশ্লিষ্ট নথি।
৮। অফিস কপি।

৪/১১/২৪
(মোঃ ইউসুফ আলী)
যুগ্মসচিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
ময়মনসিংহ সিটি কর্পোরেশন
ময়মনসিংহ
ফোন ঃ ০২৯৯৬৬৬৭৪৪৬

CamScanner